

প্রশ্ন৩:-"ছুটি" গল্পের নামকরণের সার্থকতা আলোচনা কর:-উত্তর:-কোনো রচনার নামকরণ নির্বাচন কীভাবে হবে তা মূলত নির্ভর করে রচয়িতা, পাঠকের অন্তরে কোন্ বিশেষ বস্তুটির মাধ্যমে নাড়া দিতে চান তার উপরেই। ছোটগল্পের সার্থক স্রষ্টা রবীন্দ্রনাথের অমর রচনা "ছুটি" গল্পটি কে এবার আলোচনার কেন্দ্রে আনা যাক। গল্পের প্রধান চরিত্র কিশোর ফটিক গ্রামের স্বাধীন মুক্ত জীবন ত্যাগ করে শহরের বন্দী জীবনে প্রবেশ করে। কিন্তু স্নেহ-মমতাহীন নাগরিক পরিবেশে সে খাপ খাইয়ে চলতে পারেনি। চাতক পাখির মত একটানা মুক্তি চেয়েছে সে। নির্মম শহরে পরিবেশ থেকে মুক্তির জন্য তার অন্তর কেবলই আকুলি-বিকুলি করেছে, কিন্তু নিয়তি তাকে দিয়েছে ছুটি চিরকালের জন্যে। আর তাই বিষয়বস্তুর বলে বিচারে গল্পটি র "ছুটি" নামকরণ শুধুমাত্র প্রাসঙ্গিক ছিল তা নয়, তা হয়ে উঠেছে অনিবার্য ও শিল্প সৌন্দর্য মণ্ডিত।

পরিশেষে বলা যেতে পারে কোনো বিষয় বা বস্তুর উপর জোর করে চাপিয়ে দেওয়া কোনো জিনিস ই বেশীদিন টিকে থাকেনা। প্রয়োজন বা সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতে একটি নাম স্বাভাবিক নিয়মেই মানুষের অন্তরে গেঁথে যায়। মানুষ তার রুচিবোধ ও সৌন্দর্য বোধের কারণেই সেই নাম গ্রহণ করে থাকে। আর সৃজনশীল মানুষের কাছে সেই নামটি ধীরে ধীরে অনিবার্য হয়ে ওঠে।